

"সবাই মিলে দিব কর  
দেশ হবে স্বনির্ভর"



"কর দেবো গড়ব দেশ  
আর্ট হবে বাংলাদেশ"

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর অঞ্চল-৪, চট্টগ্রাম

বাড়ী নং-১৩৭/এ, রোড-১, সিডিএ আ/এলাকা, আছাবাদ, চট্টগ্রাম-৪১০০।

### জরুরী বিজ্ঞপ্তি

আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৫(১) অনুযায়ী হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ বা Proof of Submission of Return (পিএসআর) ব্যবসা প্রতিষ্ঠানে সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ স্থানে প্রদর্শনের বাধ্যবাধকতা রয়েছে।

এই শর্ত পালনের ব্যর্থতায় আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬৫(২) অনুযায়ী সর্বনিম্ন ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হতে সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা পর্যন্ত জরিমানা আরোপের বিধান রয়েছে। আরোপযোগ্য জরিমানা এ- চালানের মাধ্যমে আদায় করা হবে।

আয়কর বিভাগ, চট্টগ্রাম এর দায়িত্বপ্রাপ্ত টিম নিয়মিত এই বিষয়ে মাঠপর্যায়ে সরেজমিন যাচাই করছে।

আর্থিক জরিমানা এড়াতে আপনার/ব্যবসা প্রতিষ্ঠানের আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ বা Proof of Submission of Return (পিএসআর) ব্যবসা প্রতিষ্ঠানে সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ স্থানে প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

জাতীয় রাজস্ব আহরণের স্বার্থে সকলের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

#### পিএসআর এর স্বপক্ষে বিবেচনাযোগ্য প্রমাণাদি :

- ▶ রিটার্ন দাখিলের প্রাপ্তিস্বীকারপত্র;
- ▶ নাম, টিআইএন, করবর্ষ সম্বলিত সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট;
- ▶ উপ কর কমিশনার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

#### প্রয়োজনে যোগাযোগ :

উপ কর কমিশনার  
সদর দপ্তর (প্রশাসন)  
কর অঞ্চল-৪, চট্টগ্রাম।  
ফোন: ০২৩৩৩৩২৬৪৬৬

প্রচারে

কর অঞ্চল-৪, চট্টগ্রাম।